# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৬৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ লাঠি, বর্শা কোন কিছু না পেলে সেক্ষেত্রে ফাঁকা জায়গায় মুসল্লী ব্যক্তির জন্য দাগ কেটে সুতরা গ্রহণ করার জায়েয

## ذِكْرُ إِجَازَةِ الِاسْتِتَارِ لِلْمُصَلِّي فِي الْفَضَاءِ بِالْخَطِّ عِنْدَ عَدَمِ الْعَصَا وَالْعَنَزَةِ

আরবী

2369 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الدُّولَابِيُّ قَالَ: حَدَّثَنَا مُسْلِمُ بْنُ خَالِدٍ عَنْ إِسْمَاعِيلَ بْنِ أُمَيَّةَ عَنْ أَبِي مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حُرَيْثٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَجْعَلْ تِلْقَاءَ وَجْهِهِ شَيْئًا فَلْيَنْصِبْ عَصًا فَإِنْ لَمْ يَكُنْ مَعَهُ عَصًا فَلْيَخُطَّ خَطًّا ثم لا يضره من مَرَّ أمامه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2369 | خلاصة حكم المحدث: ضعيف - ((ضعيف أبي داود)) (107).

বাংলা

২৩৬৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ সালাত আদায় করবে, তখন সে যেন তার সামনে কোন কিছুকে সুতরা হিসেবে রাখে। যদি সে কোন কিছু না পায় তবে সে যেন লাঠি রেখে দেয়। যদি সে সেটা না পায়, তবে সে যেন একটি দাগ কাটে। তারপর তার সামনে দিয়ে যা কিছু অতিক্রম করুক না কেন এতে কোন ক্ষতি করবে না।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৪৯; আবূ দাউদ: ৬৯০; ইবনু মাজাহ: ৯৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৮১১; সুনান বাইহাকী: ২/২৭১; বাগাবী: ৫৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২২৮৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ১০৭)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91691

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন